# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৩৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ সবর (ধৈর্যের) বিবরণ

আরবী

وَعَنْ سُلَيْمَانَ بْنِ صُرَدٍ قَالَ : كُنْتُ جالِساً مَعَ النَّبيّ ﷺ وَرَجُلَانِ يَسْتَبَّانِ وَأَحَدُهُمَا قد احْمَرَّ وَجْهُهُ وانْتَفَخَتْ أَوْدَاجُهُ، فَقَالَ رَسُول اللهِ ﷺ إنّي لأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا لَذَهَبَ عَنْهُ مَا يَجِدُ لَوْ قَالَ : أعُوذ باللهِ منَ الشَّيطَانِ الرَّجيمِ ذَهَبَ منْهُ مَا يَجِدُ فَقَالُوا لَهُ : إنَّ النَّبيَّ ﷺ قَالَ تَعَوّذْ باللهِ مِنَ الشَّيطَانِ الرَّجِيمِ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৩৫৩৬) সুলাইমান ইবনে সুরাদ (রাঃ) বর্ণনা করেন যে, একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে বসে ছিলাম। এমতাবস্থায় দু’জন লোক একে অপরকে গালি দিচ্ছিল। তার মধ্যে একজনের চেহারা (ক্রোধের চোটে) লালবর্ণ হয়ে গিয়েছিল এবং তার শিরাগুলো ফুলে উঠেছিল। (এ দেখে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’নিশ্চয় আমি এমন এক বাক্য জানি, যদি সে তা পড়ে, তাহলে তার ক্রোধ দূরীভূত হবে। যদি সে বলে ’আউযু বিল্লাহি মিনাশ শায়ত্বানির রাজীম’ (অর্থাৎ আমি বিতাড়িত শয়তান থেকে আল্লাহর আশ্রয় চাইছি), তাহলে তার উত্তেজনা ও ক্রোধ সমাপ্ত হবে।’’ লোকেরা তাকে বলল, ’নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি বিতাড়িত শয়তান থেকে আল্লাহর আশ্রয় চাও (অর্থাৎ, উপরোক্ত বাক্যটি পড়)।’

ফুটনোট

(বুখারী ৩২৮২, মুসলিম ৬৮১২-৬৮১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু সুরাদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67284

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন